বিষয় কোড | ২ | ৬ | ৯ |

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। ]**

১। আবেদ এ বছর একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে। ভবিষ্যতে রাষ্ট্রবিজ্ঞানী হতে চায় বলে সে মানবিক বিভাগে পড়াশুনা করছে। এ প্রসঙ্গে আলোচনাকালে আবেদকে তার বাবা পৌরনীতি পাঠের পরামর্শ দিলেন। কারণ আবেদের বাবা জানেন, আধুনিককালে পৌরনীতি রাষ্ট্রের নাগরিক ও নাগরিকতা এবং আন্তর্জাতিক সংস্থার স্বরূপ ও কার্যাদি সম্পর্কিত বিজ্ঞান।

ক. পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. পাঠ্য বিষয় হিসেবে পৌরনীতি গ্রহণের ফলে আবেদ কোন ধরনের সুফল লাভ করবে? ৩

ঘ. অনুচ্ছেদে আধুনিককালে পৌরনীতি বিষয়ে যে ধারণা উপস্থাপক করা হয়েছে তা পর্যালোচনা কর। ৪

২। আফরোজা ইতিহাস ও আখতার রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অনার্সের ছাত্র-ছাত্রী। তারা নিজ নিজ বিষয়ের শ্রেষ্ঠত্ব প্রমাণে ব্যস্ত। এমন সময় তারা সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. হারুন অর রশিদের নিকট বিষয়টি খুলে বললে তিনি তাদের উদ্দেশে পৌরনীতি ও ইতিহাসের সম্পর্কের গভীরতা নিয়ে আলোচনা করলেন।

ক. পৌরনীতি প্রসঙ্গে লর্ড এ্যাক্টনের উক্তি কী ছিল? ১

খ. পৌরনীতি কেন ইতিহাসের নিকট ঋণী? ২

গ. বর্তমান প্রেক্ষাপটে ড. হারুন অর রশীদ পৌরনীতি ও ইতিহাসের সম্পর্ক কীভাবে তুলে ধরেছিলেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "পৌরনীতি ইতিহাসের নিকট ঋণ"– উদ্দীপকের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩। মাহবুব সাহেব একটি পরিবারের প্রধান। তিনি পরিবারের অর্থনৈতিক ও জৈবিক কাজ ছাড়া অন্য কোনো কাজ করেন না। তার স্ত্রী মৌসুমী এর ব্যতিক্রম। পরিবারের যাবতীয় দিক তাকেই দেখাশুনা করতে হয়। তদপুরি মাহবুব সাহেবই পরিবারের প্রধান হিসাবে বিবেচিত হন। মাহবুব সাহেব একজন রাজনীতিবিদ। তিনি মনে করেন, পরিবার রাজনৈতিক শিক্ষার শিক্ষাগার।

ক. একক পরিবার কাকে বলে? ১

খ. মাতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝায়? ২

গ. কীরূপ কার্যাবলি সম্পাদন করার কারণে মাহবুব সাহেব পরিবারকে রাজনৈতিক শিক্ষার প্রাথমিক শিক্ষাগার চিহ্নিত করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মৌসুমী তার পরিবারে যেসব কার্য সম্পাদন তম্মেধ্যে যেকোনো পাঁচটি কার্য বিশ্লেষণ কর। ৪

৪। খায়রুল কবির জাতিতে বাঙালি। আর জাতীয়তার দিক থেকে বাংলাদেশী। সকল বাংলাদেশী একই ভৌগোলিক সীমানায় বসবাস করে। তাদের মধ্যে বিভিন্ন ধরনের যেমন– ভাষা, কৃষ্টি, সভ্যতা, আচার-ব্যবহার প্রভৃতির মিল রয়েছে। তাই স্বাভাবিক কারনেই তারা নিজেদের এক করে ভাবে। বাংলাদেশের ইতিহাস পর্যালোচনায় বলা যায়, জাতি গঠনে ভাষার গুরুত্ব অপরিসীম।


ক. জাতি কাকে বলে? ১

খ. জাতীয়তা বলতে কী বোঝায়? ২

গ. খায়রুল কবির বাঙালি আর জাতীয়তার দিকে বাংলাদেশী এ উক্তি দুটির আলোকে ও জাতীয়তার পার্থক্যসমূহ উপস্থাপন কর। ৩

ঘ. বাংলাদেশের ইতিহাস পর্যালোচনায় বলা যায়, জাতিগঠনে ভাষার গুরুত্ব অপরিসীম; উদ্দীপকের এ বিষয়টির সত্যতা যাচাই কর। ৪

৫। ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ? স্থানের জন্য উপযুক্ত বিষয় কী? ১

খ. কল্যাণমূলক রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. চিত্রের ১নং ছকে যে বিষয়টির উল্লেখ রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্রের ২নং ছকে প্রদত্ত বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৬। রিফাত আইনের ছাত্র। তিনি প্রায়ই তার বন্ধুদের সাথে আড্ডা দেওয়ার সময় আইনের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন। সেদিন বন্ধু আমাদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আইন সমাজের বিবেক থেকে উৎপত্তি লাভ করে এবং মানুষের কল্যাণে তা ব্যবহৃত হয়। আর আইনের রয়েছে কতিপয় উৎস।

ক. আইনের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. আইনের উৎস হিসাবে প্রথার অবস্থান প্রয়োগ দেখাও। ২

গ. মানুষের কল্যাণে রিফাতের আলোচিত বিষয়টির প্রয়োগ দেখাও। ৩

ঘ. আইনের ছাত্র হিসাবে রিফাত আইনের যেসব উৎস সম্পর্কে জেনেছে সেগুলো বিশ্লেষণ কর। ৪

৭। নাগরিকতা বিষয়ে শিমুলের তেমন ধারণাই ছিল না এতদিন। যে কারণে তার মামাতো ভাইয়ের নাগরিকত্ব বিলুপ্ত হওয়ার ঘটনা শুনে বিষয়টি পুরোপুরি বুঝতে পারেনি সে। কিন্তু শিমুল তার শিক্ষকের নিকট থেকে নাগরিকতা অর্জনের পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা পেয়েছে। পাশাপাশি সে জেনেছে সে কী কী কারণে নাগরিকতার বিলুপ্তি ঘটে।

ক. নাগরিকতা অর্জনের পদ্ধতি কত প্রকার? ১

খ. দ্বৈত নাগরিকতার ব্যাখ্যা দাও। ২

গ. শিমুলকে তার শিক্ষাকে যে যে কারণে নাগরিকতার বিলুপ্তি ঘটে বলে জানিয়েছে তা চিহ্নিত কর। ৩

ঘ. শিমুল কীভাবে নাগরিকতা অর্জনের বিভিন্ন পদ্ধতি বিশ্লেষণ করতে পারে সে ব্যাপারে অভিমত দাও। ৪

৮। আবুল খায়ের সংবিধান প্রণয়ন কমিটির একজন সদস্য। এটি সেমিনারে তিনি বিভিন্ন সংবিধান এবং এদের রূপরেখা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সেমিনারে বাংলাদেশের সংবিধান প্রণয়নের সাথে জড়িত গুরুত্বপূর্ণ কয়েকজন ব্যক্তি উপস্থিত ছিলেন। তারা ও সুপরিবর্তনীয় ও দুষ্পরিবর্তনীয় এ দুধরনের সংবিধান বিষয়ে নিজেদের মতামত প্রকাশ করেন।


ক. সংবিধান কী? ১

খ. লিখিত সংবিধান অধিক জনপ্রিয় কেন? ২

গ. অনুচ্ছেদে উল্লিখিত দুধরনের সংবিধানের মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৩

ঘ. আবুল খায়েরের বক্তব্যের নিরেখে কীভাবে সংবিধান প্রতিষ্ঠা করা যায়? বিশ্লেষণ কর। ৪

৯। নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. নির্বাচন কী? ১

খ. ব্যালটপেপার বা নির্বাচন পত্রীর ব্যাখ্যা কর। ২

গ. ছকে উল্লেখিত দু পদ্ধতির নির্বাচনের পার্থক্য দেখাও। ৩

ঘ. "ক" চিহ্নিত নির্বাচন পদ্ধতির সুবিধাসমূহ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট | বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (বহুনির্বাচনি) | পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১. 'মানুষ সামাজিক জীব'— কথাটি কে বলেছেন?
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) সক্রেটিস (ঘ) কার্ল মার্কস

২. গণতন্ত্রের সফলতা কিসের ওপর নির্ভর করে?
(ক) রাষ্ট্রের ওপর (খ) সরকারের ওপর
(গ) সুনাগরিকের ওপর (ঘ) রাজনৈতিক দলের ওপর

৩. পৌরনীতির প্রধান আলোচ্য বিষয় কী?
(ক) নাগরিকের আন্তর্জাতিক রূপ
(খ) স্থানীয় নাগরিকতা
(গ) নাগরিকের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ
(ঘ) নাগরিকের অধিকার ও কর্তব্য

৪. পৌরনীতি পাঠের মাধ্যমে একজন নাগরিকের মধ্যে যেসব পরিবর্তন সাধিত হয়—
i. অসাম্প্রদায়িক মনোভাবের বিকাশ ঘটে
ii. দেশাত্মবোধক জাগ্রত হয়
iii. জতীয়তাবোধের চেতনা জাগ্রত হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৫. আধুনিক কল্যাণমূলক রাষ্ট্রের উদ্দেশ্য—
(ক) অতিরিক্ত কর আদায়
(খ) সরকারে ক্ষমতা বৃদ্ধি
(গ) সরকারের জনপ্রিয়তা বৃদ্ধি
(ঘ) জনগণের সামগ্রিক কল্যাণ সাধন

৬. পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের মধ্যে নিবিড় সম্পর্ক বিদ্যমান—
i. আলোচ্য বিষয়ে
ii. পরিধির ক্ষেত্রে
iii. প্রয়োজনীয়তার ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৭. পৌরনীতি ও অর্থনৈতিক সম্পর্ক কেমন?
(ক) অত্যন্ত নিবিড় (খ) গভীর
(গ) সামান্য (ঘ) অভিন্ন

৮. পরিবারের ভিত্তি কোনটি?
(ক) স্নেহ (খ) ভালোবাসা
(গ) আত্মীয়তা (ঘ) রক্তের সম্পর্ক ও বিবাহ

৯. রাজনৈতিকবোধের কোন শিক্ষাটি পরিবার শিক্ষা দেয়?
(ক) মানবতাবোধ (খ) জাতীয়তাবোধ
(গ) আনুগত্যবোধ (ঘ) দেশাত্মবোধ

১০. সৃষ্টিকর্তা মানুষকে সৃষ্টি করেছেন। মানুষ সৃষ্টি করেছে—
i. সমাজ
ii. রাষ্ট্র
iii. সৌরজগৎ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

মি. ক মতিঝিল কলোনিতে বাস করেন। তার প্রতিবেশী মি. খ একদিন অসুস্থ হয়ে পড়লে মি. ক এগিয়ে আসেন এবং তাকে হাসপাতালে নিয়ে যান।

১১. উদ্দীপকে মি. ক ও মি. খ-এর মধ্যে কী ধরনের সম্পর্ক ফুটে উঠেছে?
(ক) নির্ভরশীলতার
(খ) সহযোগিতার
(গ) শত্রুতার (ঘ) প্রতিযোগিতার

১২. উদ্দীপকের মি. ক ও মি. খ এর কার্যকলাপ থেকে শিক্ষণীয় বিষয় হচ্ছে—
i. পারস্পরিক সহযোগিতা হলো সমাজের ভিত্তি
ii. সমাজবদ্ধ মানুষ একে অপরের ওপর নির্ভরশীল
iii. সমাজে বাস না করেও মানুষ বেঁচে থাকতে পারে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৩. সামাজিক অনুশাসনের দ্বারা মানুষ উদ্বুদ্ধ হয়—
i. নৈতিক মূল্যবোধ
ii. মানবিক শূন্যবোধ
iii. সামাজিক মূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৪. আইনের শাসনের অর্থ কী?
i. আইনের দৃষ্টিতে সকলে সমান
ii. বিচারপতিরা আইনের উর্ধ্বে
iii. কাউকে বিনা বিচারে আটক রাখা যাবে না
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৫. জাতীয় রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) ম্যাকিয়াভেলি (ঘ) সক্রেটিস

১৬. ফরাসি বিপ্লব কত সালে সংঘটিত হয়?
(ক) ১৭৮৭ (খ) ১৭৮৮
(গ) ১৭৮৯ (ঘ) ১৭৯০

১৭. কোনটি জাতি রাষ্ট্র গঠনের মুখ্য চেতনা?
(ক) সাংস্কৃতিক (খ) অর্থনৈতিক
(গ) রাজনৈতিক (ঘ) সামাজিক

১৮. সরকারের মাধ্যমে রাষ্ট্রের ইচ্ছা—
i. সংগঠিত হয়
ii. প্রকাশিত হয়
iii. কার্যকর হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৯. 'লেভিয়াথান' গ্রন্থটি কার লেখা?
(ক) টমাস হবস (খ) জন লক
(গ) জ্যাঁ জ্যাক রুশো (ঘ) টি এইচ গ্রিন

২০. 'মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করে, কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত'— কথাটি কে বলেছেন?
(ক) হবস
(খ) ম্যাকিয়াভেলি
(গ) কার্ল মার্কস
(ঘ) জ্যাঁ জ্যাক রুশো

২১. সার্বভৌমত্বের ইংরেজি প্রতিশব্দ কী?
(ক) Sovereign (খ) Sovereignty
(গ) Super (ঘ) Supreme

২২. নিচের কোনটিকে রাষ্ট্রের প্রাণ বলা হয়?
(ক) সরকারকে (খ) জনসমষ্টিকে
(গ) সার্বভৌমত্বকে (ঘ) নির্বাচকমণ্ডলীকে

২৩. আধুনিককালে আইনের প্রধান উৎস কোনটি?
(ক) সংবিধান (খ) আইনসভা
(গ) জনমত (ঘ) ধর্ম

২৪. কোনটি সুনাগরিকের জাগ্রত শক্তি?
(ক) বিবেক (খ) বুদ্ধি
(গ) আত্মসংযম (ঘ) শিক্ষা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :

রবিন চৌধুরী ও আনিস তালুকদার দুজনেই বড় ব্যবসায়ী। রবিন চৌধুরী নিয়মিত কর দেয়, রাষ্ট্রের নিয়মশৃঙ্খলা মেনে চলে এবং রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করে। কিন্তু আনিস তালুকদার এ বিষয়ে উদাসীন থাকে। সে সবসময় নিজেকে নিয়েই ব্যস্ত থাকে।

২৫. অনুচ্ছেদে উল্লিখিত আনিস সাহেবের ক্ষেত্রে সুনাগরিকতার কোন অন্তরায় প্রতিফলিত হয়?
(ক) নির্লিপ্ততা (খ) ব্যক্তিগত স্বার্থপরতা
(গ) দলীয় মনোভাব (ঘ) দাম্ভিকতা

২৬. আনিস সাহেব কীভাবে নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পারে?
(ক) পৌরনীতির শিক্ষা গ্রহণের মাধ্যমে
(খ) অর্থনীতির শিক্ষা গ্রহণের মাধ্যমে
(গ) রাজনৈতিক শিক্ষা গ্রহণের মাধ্যমে
(ঘ) সাংস্কৃতিক শিক্ষার মাধ্যমে

২৭. জীবনধারণের অধিকার কী ধরনের অধিকার?
(ক) নৈতিক অধিকার (খ) সামাজিক অধিকার
(গ) রাজনৈতিক অধিকার (ঘ) আইনগত অধিকার

২৮. নির্বাচনে অংশগ্রহণ কোন ধরনের অধিকার?
(ক) সামাজিক অধিকার (খ) নৈতিক অধিকার
(গ) রাজনৈতিক অধিকার (ঘ) আইনগত অধিকার

২৯. মানবাধিকারের প্রয়োজনীয়তা কোথায়?
(ক) বুদ্ধিবৃত্তি বিকাশে (খ) গণতন্ত্র চর্চায়
(গ) মানবিক মর্যাদা সংরক্ষণে (ঘ) সুশিক্ষিত হওয়ার জন্য

৩০. যুক্তরাষ্ট্রীয় সরকার প্রচলিত রয়েছে কোন দেশে?
(ক) ভারত (খ) বাংলাদেশ
(গ) যুক্তরাজ্য (ঘ) চীন

৩১. গণতন্ত্রের মূলমন্ত্র কী?
(ক) সাম্য, স্বাধীনতা ও নিরাপত্তা
(খ) সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্ববোধ
(গ) সাম্য, স্বাধীনতা
(ঘ) সাম্য, স্বাধীনতা ও অধিকার

৩২. রাষ্ট্রের মুখপাত্র হিসেবে কে রাষ্ট্র পরিচালনা করে?
(ক) সরকার (খ) রাষ্ট্রপতি
(গ) প্রধানমন্ত্রী (ঘ) বিচারপতি

৩৩. আমেরিকা যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কী?
(ক) সিনেট (খ) মজলিস
(গ) পার্লামেন্ট (ঘ) কংগ্রেস

৩৪. আইনসভার ক্ষমতা হ্রাসের প্রধান কারণ কী?
(ক) রাষ্ট্রের কাজ বৃদ্ধি (খ) আইন প্রণয়নে জটিলতা
(গ) অধ্যাদেশ জারি (ঘ) দলীয় আধিপত্য

৩৫. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির শ্রেষ্ঠ প্রবক্তা কে?
(ক) এরিস্টটল (খ) জন লক
(গ) মন্টেস্কু (ঘ) হবস

৩৬. বিকেন্দ্রীকরণের ফলে নিচের কোনটি ঘটে?
(ক) কেন্দ্রে সকল কর্তৃত্বের সমাবেশ ঘটে
(খ) প্রশাসনিক কাঠামো আরও শক্তিশালী হয়
(গ) প্রশাসনিক কাঠামো দুর্বল হয়ে পড়ে
(ঘ) প্রশাসনিক ব্যবস্থার নিম্ন পর্যায় পর্যন্ত কর্তৃত্বের সমাবেশ ঘটে

৩৭. সংবিধান পাঠের মাধ্যমে জানা যায়—
i. রাষ্ট্রের স্বরূপ
ii. সরকারের ধরন
iii. নাগরিক অধিকারের প্রকৃতি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

৩৮. নির্বাচনের গুরুত্ব হলো—
i. জনপ্রতিনিধি বাছাই
ii. জনমতের প্রতিফলন
iii. রাজনৈতিক স্থিতিশীলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

৩৯. সুইজারল্যান্ডে কত সালে নারীর ভোটাধিকার স্বীকৃত হয়?
(ক) ১৯৩১ (খ) ১৯৬১
(গ) ১৯৭১ (ঘ) ১৯৮১

৪০. গণতান্ত্রিক ব্যবস্থায় রাজনৈতিক দলের অন্যতম প্রধান উদ্দেশ্য কোনটি?
(ক) বিপ্লবের মাধ্যমে সমাজ পরিবর্তন
(খ) নিয়মতান্ত্রিক উপায়ে সরকার গঠন
(গ) রাষ্ট্রীয় অর্থনীতিকে শক্তিশালী করা
(ঘ) ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ করা

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | খ |

http://teachingbd.com